

West Bengal Legislative Assembly

(১৩তম অধিবেশন)

২৮শে জুন ২০১৯

[খাদ্য ও সরবরাহ - স্বাস্থ্য ও পরিবার কল্যাণ - স্বরাষ্ট্র এবং পার্বত্য বিষয়ক - তথ্য ও সংস্কৃতি বিষয়ক - ভূমি ও ভূমি সংস্কার এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন - সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা - কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার ও ই-গভর্নেন্স (ই-গভর্নেন্স শাখা ব্যতিরেকে) - পরিবহন জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন] .

- 14

জুনিয়ার ডাক্তারদের হেনস্তা রোধে গৃহীত ব্যবস্থা

*52 আব্দুল মান্নান (চাঁপদানি, হুগলী):

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি রাজ্যের বিভিন্ন হাসপাতালে জুনিয়ার ডাক্তারদের হেনস্তাকে কেন্দ্র করে চরম সংকটের সৃষ্টি হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এই ধরনের ঘটনা বন্ধ করতে রাজ্য সরকার কী ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

‘জল ধরো জল ভরো’ প্রকল্পে পুকুর ও জলাশয় খনন

*53 গীতা রানী ভূঞা (সবং, পশ্চিম মেদিনীপুর):

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন :-

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ‘জল ধরো জল ভরো’ প্রকল্পের অধীনে বহু সংখ্যক পুকুর ও জলাশয় খনন করা হয়েছে;

(খ) সত্যি হলে, ৩১শে মে, ২০১৯ সাপেক্ষে মোট কত সংখ্যক পুকুর ও জলাশয় খনন করা হয়েছে; এবং

(গ) পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম ও পূর্ব মেদিনীপুর জেলায় এই সংখ্যাটি কত?

সরকার পরিচালিত বাসের সংখ্যা

*54 অসিত মিত্র (আমতা, হাওড়া):

পরিবহন :-

(ক) ৩১ মে, ২০১৯ সাপেক্ষে রাজ্যে সরকার পরিচালিত বিভিন্ন বিভাগের মোট বাসের সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময়ে বাস কর্মচারীদের সংখ্যা কত?

‘কায়াকল্প’ সম্মান

*55 সমীর কুমার জানা (পাথরপ্রতিমা, দক্ষিণ ২৪ পরগণা):

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

(ক) ২০১৮-২০১৯ অর্থবর্ষে রাজ্যের কোন কোন বি.পি.এইচ.সি. ও পি.এইচ.সি. ‘কায়াকল্প’ সম্মানে ভূষিত হয়েছে; এবং

(খ) দক্ষিণ ২৪-পরগণা জেলার কোন কোন বি.পি.এইচ.সি. ও পি.এইচ.সি. উক্ত সম্মানে ভূষিত হয়েছে?

সরকারি বাস চালুর পরিকল্পনা

*56 সমর হাজরা (জামালপুর (এস সি), বর্ধমান):

পরিবহন :-

পূর্ব বর্ধমান জেলার জামালপুর থেকে করনাময়ী পর্যন্ত সরকারি বাস কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

ডিজিটাল রেশন কার্ড বণ্টন

*57 নাগিস বেগম (মেমারি, বর্ধমান):

খাদ্য ও সরবরাহ :-

(ক) ৩১শে মে, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট কত সংখ্যক ডিজিটাল রেশন কার্ড বিলি করা হয়েছে;

(খ) বর্তমানে কত সংখ্যক ডিজিটাল রেশন কার্ড বিলি করা বাকী আছে; এবং

(গ) উক্ত কার্ডগুলি বিলির কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

সরকারি হাসপাতালে শয্যা সংখ্যা

*58 সুজন চক্রবর্তী (যাদবপুর, দক্ষিণ ২৪ পরগণা):

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

(ক) ৩১শে মে, ২০১৯ সাপেক্ষে রাজ্যে সরকারি হাসপাতালের মোট শয্যা সংখ্যা কত; এবং

(খ) হাসপাতাল অনুযায়ী (সুপার স্পেশালিটিসহ) অকুপেন্সি রেট কত শতাংশ?

চালু বাসরুটের সংখ্যা

*59 বঙ্কিম চন্দ্র হাজরা (সাগর, দক্ষিণ ২৪ পরগণা):

পরিবহন :-

(ক) দক্ষিণ ২৪-পরগণা জেলায় চালু বাসরুটের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, ৩১শে মার্চ, ২০১৯ সাপেক্ষে মোট কতগুলি সরকারি বাস এই জেলায় চালু রয়েছে?

বোরো মরশুমে ধান ক্রয়ের পরিমাণ

*60 রফিকুল ইসলাম (হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর):

খাদ্য ও সরবরাহ :-

২০১৮-২০১৯ বোরো মরশুমে রাজ্যে মোট কত মেট্রিকটন ধান কেনা হয়েছে?

চালু সরকারি ইলেকট্রিক বাসের সংখ্যা

*61 জয়ন্ত নক্কর (গোসাবা (এস সি), দক্ষিণ ২৪ পরগণা):

পরিবহন :-

(ক) ৩১শে মার্চ, ২০১৯ সাপেক্ষে রাজ্যে চালু সরকারি ইলেকট্রিক বাসের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, দক্ষিণ ২৪-পরগণা জেলায় ঐ বাসের সংখ্যাটি কত?

এন.বি.এস.টি.সি.-তে চালু বাসের সংখ্যা

*62 নগেন্দ্র নাথ রায় (কোচবিহার উত্তর (এস সি), কোচবিহার):

পরিবহন :-

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ দপ্তরের আওতায় মোট কয়টি বাস বর্তমানে চালু আছে; এবং

(খ) ভবিষ্যতে বাস-এর সংখ্যা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

Allotment of Money for old-aged temples and pilgrimages

*63 Sh. Manas Majumder (Goghat):

Information and Cultural Affairs :-

(a) whether the Central and State Government allotted money for repairing, maintenance, beautification and renovation of old-aged temples and pilgrimages in the State;

(b) if so, the number of temples which have been maintained, beautified and renovated by the State from 2011 up to 2019;

(c) the number of Hindu pilgrimages which have been beautified and renovated; and

(d) the amount of money that has been allotted by the Central Government since 2014 till date and the name of those places where money has been allotted by the Central Government?

জলাশয় সংস্কার

*64 তন্ময় ভট্টাচার্য (দমদম উত্তর, উত্তর ২৪ পরগণা):

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন :-

(ক) রাজ্যের জলাশয়গুলিকে রক্ষা ও সংস্কার করার প্রক্ষে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ কতটা উদ্যোগী; এবং

(খ) দমদম উত্তর বিধানসভা কেন্দ্রে ৪টি জলাশয় সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

বন্ধ গভীর নলকূপের সংখ্যা

*65 নর্মদা চন্দ্র রয় (কুশমন্ডি (এস সি), দক্ষিণ দিনাজপুর):

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন :-

(ক) ৩১শে মে, ২০১৯ সাপেক্ষে দঃ দিনাজপুর জেলায় কতগুলি গভীর নলকূপ বন্ধ হয়ে পড়ে আছে; এবং

(খ) সেচ পরিষেবা ব্যাহত হওয়ায় জলের অভাবে এই বছর কত হেক্টর কৃষি জমিতে চাষাবাদ করা সম্ভব হয়নি?

Kolkata:
The 28th June, 2019.

A. SOM,
Secretary, West Bengal Legislative Assembly